গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা,
ঢাকা-১০০০
কর্মসংস্থান-২ শাখা
www.probashi.gov.bd

স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.০০০.০৪৪.১৮.০৩০০.২৬.৩৪০

তারিখ: ২৩ কার্তিক ১৪৩৩ / ০৮ নভেম্বর ২০২৬

বিষয়: সার্বিয়াতে গমনের জন্য ৭৯(উনআশি) জন কর্মী প্রেরণের নিয়োগানুমতি প্রদান।

সূত্র: ১) রিক্রুটিং এজেন্ট মেসার্স এইচ.পি ওভারসীজ (আরএল-১৩৮৮) হতে প্রাপ্ত আবেদন; তারিখ: ১৬-০৮-২০২৬ খ্রি.।
২) রোম, ইতালির স্মারক নং-১৯.০১.৩৯০১.৭০১.২৪.০০৫.২৩.২৪৮; তারিখ: ২৬ অক্টোবর ২০২৬ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে রিক্রুটিং এজেন্ট মেসার্স এজেন্ট মেসার্স এইচ.পি ওভারসীজ (আরএল-১৩৮৮) এর আবেদন এবং বাংলাদেশ দূতাবাস রোম, ইতালির সুপারিশের প্রেক্ষিতে সার্বিয়াস্থ VNV PROPERTIES DOO SREMSKA KAMENICA কোম্পানীতে ৭৯ জন (তালিকা সংযুক্ত) কর্মীর নিয়োগানুমতি নিম্নবর্ণিত শর্তমোতাবেক নির্দেশক্রমে প্রদান করা হলো:

ক্র:	সার্বিয়াস্থ কোম্পানীর নাম	পদের নাম	কর্মী সংখ্যা	বেতন (RSD)	শর্তাবলী
১.	VNV PROPERTIES DOO SREMSKA KAMENICA	Uphoisterer	৭৯(উনআশি)	৮৮,২৫৬.১৯	Age Limit: 20-40 years. Working Hours: 8 hours per day, 5 days per week. The employment contract shall be concluded for a fixed term of two (2) years, linked to the validity of the single permit for temporary residence and work, with a probationary period of one (1) month, which may be extended by mutual agreement of the parties. Working hours shall be 40 hours per week, spread over five working days, with two days of weekly rest. The average number of working hours per month shall be 174. Overtime, night work and work on public holidays shall be paid at Increased rates prescribed by the Labour Law of the Republic of Serbia. The Employer shall provide free accommodation, meals and transport to and from the workplace, and shall bear the costs of the work visa, single permit for temporary residence and work, and residence registration.

শর্তাবলীঃ

(ক) বাংলাদেশ থেকে সার্বিয়ায় কর্মী প্রেরণের ক্ষেত্রে রিক্রুটিং এজেন্সিকে অবশ্যই বাংলাদেশ এবং সার্বিয়ার উভয় দেশের বিধিবদ্ধ আইন, বিধি বিধান অনুসরণ করতে হবে;
(খ) প্রত্যেক গ্রুপে বাংলাদেশি কর্মী সার্বিয়ায় পৌঁছার পর রিক্রুটিং এজেন্সি অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং বাংলাদেশ দূতাবাস, ইতালিতে প্রতিবেদন দাখিল করবে;
(গ) বহির্গমন ছাড়পত্রের পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে। বিষয়টি রিক্রুটিং এজেন্সি নিশ্চিত করবে;
(ঘ) কর্মী নিয়োগ চুক্তি পত্রের বাংলায় অনুবাদকৃত কপি বিএমইটি কর্তৃক সত্যায়ন করে প্রত্যেক কর্মীকে প্রদান নিশ্চিত করতে হবে;
(ঙ) চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হবে না, অনুমোদিত কর্মীরা উক্ত কোম্পানিতে অবশ্যই চাকুরী পাবেন প্রত্যেক কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা, আবাসন ও অন্যান্য সুযোগ-সুবিধা দেয়া হবে, যুদ্ধে জড়িত হবে না এবং কোন ধরণের অনাকাংক্ষিত ঘটনা ঘটলে সংশ্লিষ্ট রিক্রুটিংএজেন্সিকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবর্তন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে;
(চ) এ নিয়োগ সম্পন্ন করে ১৪ দিনের মধ্যে অত্র মন্ত্রণালয়কে এবং বাংলাদেশ মিশনকে অবহিত করতে হবে;
(ছ) নিয়োগকর্তা কর্তৃক সার্বিয়ার বিমান বন্দরে কর্মীদের গ্রহণ নিশ্চিত করতে হবে তৎপূর্বে তথ্যাদি ইতালির বাংলাদেশ দূতাবাসকে ইমেইলে বা পত্র দিয়ে অবগত করতে হবে।;
(জ) কর্মীর ফ্লাইট নিশ্চিত হওয়ার পর সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সি কর্তৃক ফ্লাইট সিডিউল ও কর্মীর তালিকা বাংলাদেশ দূতাবাস, রোম, ইতালি এবং বিএমইটিতে

দাখিল করতে হবে; এবং
(ঝ) কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগানুমতি বাতিল বা সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

কপি সংযুক্ত: 79 জনের তালিকা.pdf,

সংযুক্তিঃ
(১) 79 জনের তালিকা

০৮-১১-২০২৬
মোঃ হেদায়েতুল ইসলাম মন্ডল
উপসচিব
ফোন : ০২-৪১০৩০২৪২
ইমেইল : dsemployment1@probashi.gov.bd

মহাপরিচালক
মহাপরিচালকের দপ্তর, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।

স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.০০০.০৪৪.১৮.০৩০০.২৬.৩৪০/১ (৮)

তারিখ: ২৩ কার্তিক ১৪৩৩ / ০৮ নভেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রোম, ইতালি।
২। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৪। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৫। প্রথম সচিব, শ্রম কল্যাণ উইং, রোম, ইতালি, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৬। ব্যক্তিগত কর্মকর্তা, কর্মসংস্থান অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৭। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স এইচ.পি ওভারসীজ (আরএল ১৩৮৮), ফকিরাপুল, মতিঝিল, ঢাকা।
৮। অফিস কপি, .।

০৮-১১-২০২৬
মোঃ হেদায়েতুল ইসলাম মন্ডল
উপসচিব